

# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮২৮

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ ১৪৪. যে নামায়ে কিরা'আত উচ্চস্বরে পঠিত হয় না, তাতে মুক্তাদিদের কিরা'আত পাঠ সম্পর্কে।

### আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ، حَدَّثَنَا شُعْبَةُ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرِ الْعَبْدِيُّ، أَخْبَرَنَا شُعْبَةُ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرِ الْعَبْدِيُّ، أَنَّ النَّبِيَّ صلى الله شُعْبَةُ، للمَعْنَى للهَ عَنْ قَتَادَةَ، عَنْ زُرَارَةَ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم صلَّى الظُّهْرَ فَجَاءَ رَجُلُّ فَقَرَأَ خَلْفَهُ ( سَبِّحِ اسْمَ رَبِّكَ الأَعْلَى ) فَلَمَّا فَرَغَ قَالَ " عليه وسلم صلَّى الظُّهْرَ فَجَاءَ رَجُلُّ فَقَرَأَ خَلْفَهُ ( سَبِّحِ اسْمَ رَبِّكَ الأَعْلَى ) فَلَمَّا فَرَغَ قَالَ " عَليه وسلم صلَّى الظُّهْرَ فَجَاءَ رَجُلُّ فَقَرَأَ خَلْفَهُ ( سَبِّحِ اسْمَ رَبِّكَ الأَعْلَى ) فَلَمَّا فَرَغَ قَالَ " أَيُّكُمْ قَرَأً " . قَالُوا رَجُلُّ . قَالَ " قَدْ عَرَفْتُ أَنَّ بَعْضَكُمْ خَالَجَنِيهَا " . قَالَ أَبُو دَاوُدَ قَالَ أَبُو الْوَلِيدِ فِي حَدِيثِهِ قَالَ اللهُ عَرْفَتُ أَنَّ الْعَبِيدِ أَنْصِتْ لِلْقُرْآنِ قَالَ ذَاكَ إِذَا الْوَلِيدِ فِي حَدِيثِهِ قَالَ اللهُ عُرَفَة قَالَ اللهُ عَرْفَهُ . قَالَ لَوْ كَرِهَهُ نَهَى عَنْهُ . جَهَرَ بِهِ . وَقَالَ اللهُ كَرِهَهُ نَهَى عَنْهُ .

#### বাংলা

৮২৮. আবূল ওয়ালীদ ও মুহাম্মাদ ইবনু কাছীর .... ইমরান ইবনু হুসাইয়েন (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের নামায পড়াচ্ছিলেন। এক ব্যক্তি এসে তাঁর পিছনে ইকতিদা করে সূরা "সাব্বিহিসমা রাব্বিকাল আলা" পাঠ করে। নামায শেষে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞাসা করেন, তোমাদের মধ্যে কোন ব্যক্তি সূরা পাঠ করেছে? জবাবে তারা বলেন, এক ব্যক্তি। তখন তিনি বলেন, আমি বুঝতে পেরেছি তোমাদের মধ্যে কোন লোক নামাযের মধ্যে আমাকে অহেতুক জটিলতা ও দুশ্ভিন্তায় ফেলে।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আবূল ওয়ালীদ তাঁর বর্ণিত হাদীছে শোবার সূত্রে উল্লেখ করেছেন যে, অতঃপর আমি (শোবা) কাতাদাকে বলি, সাঈদ বলেননি যে, "কুরআন পাঠকালে নীরব থাক?" তিনি বলেনঃ যে নামাযে কিরাআত উচ্চস্বরে পঠিত হয়, তার জন্যই এই হুকুম। ইমাম ইবনু কাছীর তাঁর হাদীছে বলেনঃ অতঃপর আমি কাতাদাকে বলি, সম্ভবত কিরাআত পাঠ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেন অপছন্দ করেছেন। তখন তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদি অপছন্দ করতেন তবে কিরাআত পাঠ করতে নিষেধ করতেন।

## **English**

## Narrated Imran ibn Husayn:



The Prophet () led (us) in the noon prayer, and a man came and recited behind him "Glorify the name of thy Lord, the Most High" (Surah 87). When he finished (the prayer), he said: Which of you recited? They (the people) said: A man (recited). He said: I knew that some one of you confused me in it (in the recitation of the Qur'an).

Abu Dawud said: Abu al-Walid said in his version: Shu'bah said: I asked Qatadah: Did Sa'id not say: Listen attentively to the Qur'an? He replied: (Yes), but that applies to prayer in which it (the Qur'an) is recited aloud. Ibn Kathir said in his version: I said to Qatadah: Perhaps he (the Prophet) disliked it (recitation). He said: If he had disliked it, he would have prohibited it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন